



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD



কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোনঃ ৮৯০০৩৫৮।
ই-মেইল: rebdpa@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১২৮.২৩- ১৪৫৮

তারিখঃ ২৪ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ
০৯ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ


বিষয়: বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত 'কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী' পদে নিয়োগ পরীক্ষা সংক্রান্ত।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর স্মারক নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১৮৩.২২-২৮৯, তারিখ: ১১-০৯-২০২২ খ্রি. এর মাধ্যমে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত 'কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী' পদে আবেদনকৃত প্রার্থীদের নিয়োগ পরীক্ষা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী সংশ্লিষ্ট কেন্দ্রে অনুষ্ঠিত হবে:

পরীক্ষার নাম	পরীক্ষার তারিখ ও সময়	রোল নম্বর	পরীক্ষা কেন্দ্র
লিখিত (MCQ) পরীক্ষা	২৪-০৩-২০২৩ খ্রি. (শুক্রবার) সকাল ১০:০০ ঘটিকা থেকে ১১:০০ ঘটিকা পর্যন্ত	২৩০০০০০১ থেকে ২৩০০২৫০০ পর্যন্ত	উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, রোড- ১ ও ২৭, সেক্টর- ০৭, উত্তরা, ঢাকা-১২৩০
		২৩০০২৫০১ থেকে ২৩০০৪৬৩৩ পর্যন্ত	কুর্মিটোলা হাই স্কুল এন্ড কলেজ খিলক্ষেত, ঢাকা-১২২৯
লিখিত (রচনামূলক) পরীক্ষা	৩১-০৩-২০২৩ খ্রি. (শুক্রবার) সকাল ১০:০০ ঘটিকা থেকে ১১:৩০ ঘটিকা পর্যন্ত	লিখিত (MCQ) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ	প্রশিক্ষণ একাডেমি ভবন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
ব্যবহারিক পরীক্ষা	০১-০৪-২০২৩ খ্রি. (শনিবার) সকাল ১০:০০ ঘটিকা থেকে	লিখিত (রচনামূলক) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ	প্রশিক্ষণ একাডেমি ভবন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
মৌখিক সাক্ষাৎকার পরীক্ষা	ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার সময়সূচি পরবর্তীতে জানানো হবে।		

বিশেষ দৃষ্টব্য:

- প্রার্থীদের অনুকূলে ডাকযোগে কোন প্রবেশপত্র প্রেরণ করা হবে না। প্রার্থীদেরকে brebr.teletalk.com.bd ওয়েবসাইট হতে প্রবেশপত্র ডাউনলোডপূর্বক Colour Print করে সংগ্রহ করতে হবে। পরীক্ষার সময় অবশ্যই প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।
- পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, ডিজিটাল ঘড়ি, ব্যাগ ও যে কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস আনা যাবে না।
- প্রার্থীদেরকে পর্যাপ্ত সময় হাতে নিয়ে পরীক্ষা কেন্দ্রের উদ্দেশ্যে রওনা হতে হবে। পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে প্রার্থীদেরকে নিজ নিজ আসন গ্রহণ করতে হবে।
- প্রার্থীদেরকে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং মাস্ক পরিধান করতে হবে।
- পরীক্ষার হলে অসদুপায় অবলম্বন করলে কিংবা কর্তব্যরত শিক্ষক/শিক্ষিকাগণের সহিত অসদাচরণ করলে সংশ্লিষ্ট প্রার্থীর পরীক্ষা বাতিল করা হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।


(মোঃ আসাফ উদ্দৌলা)

পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর

অ. পৃ. দ্র./০২

